



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী  
বাড়ি # ১৯৬, সেক্টর # ২, হাউজিং এস্টেট  
উপশহর, রাজশাহী  
[www.cevrajshahi.gov.bd](http://www.cevrajshahi.gov.bd)

অনলাইনে রেজিস্ট্রেশনের  
জন্য ভিজিট করুন  
[www.vat.gov.bd](http://www.vat.gov.bd)

নথি নং- ৫(১২)০৯/কাস-টেক/বন্ড রেজি:/ফেমাস/ঈ: ইপি:/১৩/অংশ-১/১০০৮ তারিখ ১০/০৯/২০২৪ খ্রি।

বিষয় : বন্ড সুবিধায় আমদানিকৃত কাঁচামালের প্রযোজ্য শুল্ক-করাদির বিপরীতে দাখিলকৃত ব্যাংক গ্যারান্টি ফেরত প্রদানের লক্ষ্যে অনাপত্তিপত্র ইস্যুর আবেদন প্রসঙ্গে।

সূত্র : [১] এ দপ্তরের সমনখির পত্র নং-১৯৯৩, তারিখ: ২৪/০৮/২০২২ খ্রি।  
[২] ফেমাস প্লাস ইন্ডাস্ট্রিজ আইএনসি লিঃ, ঈশ্বরদী ইপিজেড, পাকশী, পাবনা এর ১৫/০২/২০২৪ খ্রি. তারিখের আবেদন।  
[৩] অ্যাসিস্টেন্ট কমিশনার, ঈশ্বরদী ইপিজেড, পাকশী, পাবনা এর পত্র নথি নং-৫-কাস(১)০৩/ঈ: ইপিজেড/ফেমাস প্লাস/অডিট/২০১৯/৪০৩, তারিখ: ২৮/০৭/২০২৪ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রীয় পত্রসমূহের প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। ফেমাস প্লাস ইন্ডাস্ট্রিজ আইএনসি লিঃ ঠিকানা: প্লট # ১৪৯-১৫১, ঈশ্বরদী ইপিজেড, পাকশী, পাবনা (BIN-002184082-1105)] -কর্তৃক কাস্টমস হাউস, চট্টগ্রাম -এর মাধ্যমে আমদানিকৃত কাঁচামাল ব্যাংক গ্যারান্টি এর বিপরীতে ছাড় প্রদানের জন্য সূত্রীয় [১] নং পত্রের মাধ্যমে অনাপত্তিপত্র ইস্যু করা হয়। উক্ত অনাপত্তিপত্রের আলোকে প্রতিষ্ঠান কর্তৃক কাস্টমস হাউস, চট্টগ্রামের মাধ্যমে ব্যাংক গ্যারান্টির বিপরীতে আমদানিকৃত কাঁচামাল উৎপাদনে ব্যবহার করে উৎপাদিত পণ্য রপ্তানি করায় কাঁচামাল খালাসকালে কাস্টমস হাউস, চট্টগ্রামে দাখিলকৃত ব্যাংক গ্যারান্টি ফেরৎ প্রদানের অনাপত্তিপত্র ইস্যুর জন্য সূত্রীয় [২] নং পত্রের মাধ্যমে এ দপ্তরে আবেদন করা হয়। প্রতিষ্ঠান কর্তৃপক্ষের আবেদন যাচাই-বাছাই করে প্রতিবেদন দাখিলের জন্য সংশ্লিষ্ট দপ্তরকে বলা হলে সূত্রীয় [৩] নং পত্রের মাধ্যমে এ সংক্রান্ত একটি প্রতিবেদন এ দপ্তরে দাখিল করা হয়। দাখিলকৃত প্রতিবেদন অনুযায়ী সূত্রীয় [১] নং পত্রের প্রেক্ষিতে কাস্টম হাউস, চট্টগ্রাম -এর মাধ্যমে ব্যাংক গ্যারান্টি নং (১) 017/22/BG/0065, Date: 01.09.2022 (tk. 34,11,405.16) এবং (২) 017/22/BG/0066, Date: 01.09.2022 (tk. 25,58,553.81) এর বিপরীতে আমদানিকৃত কাঁচামাল উৎপাদনে ব্যবহার করে উৎপাদিত পণ্য রপ্তানি করা হয়েছে।

০৩। বর্ষিতাবস্থায়, ফেমাস প্লাস ইন্ডাস্ট্রিজ আইএনসি লিঃ কর্তৃক সূত্রীয় [১] নং পত্রের বিপরীতে আমদানিকৃত কাঁচামাল উৎপাদনে ব্যবহার করে উৎপাদিত পণ্য রপ্তানি করায় সূত্রীয় [৩] নং প্রতিবেদনের সুপারিশের আলোকে উক্ত পণ্যচালান খালাসকালে কাস্টমস হাউস, চট্টগ্রামে দাখিলকৃত ব্যাংক গ্যারান্টি নং-(১) 017/22/BG/0065, Date: 01.09.2022 (tk. 34,11,405.16) এবং (২) 017/22/BG/0066, Date: 01.09.2022 (tk. 25,58,553.81) সংশ্লিষ্ট আইন ও বিধি পরিপালন সাপেক্ষে অবমুক্তিকরণের/ফেরৎ প্রদানের অনাপত্তিপত্র ইস্যু করা হলো।

(তাহমিনা আক্তার পলি)

জয়েন্ট কমিশনার অব কাস্টমস  
কমিশনার অব কাস্টমসের পক্ষে  
ফোন # ০২৫৮৮৫০১১০৮

ই-মেইল : [cevraj93@yahoo.com](mailto:cevraj93@yahoo.com)

প্রাপক : ব্যবস্থাপনা পরিচালক  
ফেমাস প্লাস ইন্ডাস্ট্রিজ আইএনসি লিঃ  
প্লট # ১৪৯-১৫১, ঈশ্বরদী ইপিজেড, পাকশী, পাবনা।

নথি নং- ৫(১২)০৯/কাস-টেক/বন্ড রেজি:/ফেমাস/ঈ: ইপি:/১৩/অংশ-১/১০০৮

তারিখ: ১০/০৯/২০২৪ খ্রি।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সহকারী প্রোগ্রামার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী [তাঁকে পত্রটি এ দপ্তরের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো]।  
০২। পিএটু কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী [কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য]।  
০৩। পিএটু কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, চট্টগ্রাম [কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য]।

(তানিয়া আলম)

অ্যাসিস্টেন্ট কমিশনার অব কাস্টমস।